



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

ঢাকা উদ্যান সরকারি মহাবিদ্যালয়

মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

Phone: 01551601140, E-mail: dugovtcollege2015@gmail.com, College Code: 1759, EIIN: 137590

স্মারক নং- ঢাউসম/নোটিশ-২০২০/৩২৬৬

তারিখঃ ২৩/০৬/২০২১ খ্রি.

২য় সপ্তাহের অ্যাসাইনমেন্ট জমাদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ২০২০-২০২১ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদের নির্দেশ দেয়া যাচ্ছে যে, অ্যাসাইনমেন্ট কার্যক্রমের দ্বিতীয় সপ্তাহে প্রদত্ত অ্যাসাইনমেন্ট নিম্নলিখিত সময়সূচী অনুযায়ী কলেজে এসে জমা দিতে হবে-


বিভাগ	বিষয়	জমাদানের তারিখ	জমাদানের সময়
বিজ্ঞান	ইংরেজি ও পদার্থবিদ্যা	২৭ জুন, ২০২১ খ্রি., রবিবার	সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত
ব্যবসায় শিক্ষা	ইংরেজি ও হিসাববিজ্ঞান	২৮ জুন, ২০২১ খ্রি., সোমবার	সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত
মানবিক	ইংরেজি, অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন ও যুক্তিবিদ্যা	২৯ জুন, ২০২১ খ্রি., মঙ্গলবার	সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত

- * অ্যাসাইনমেন্ট, শিক্ষার্থীরা নিজে এসে অথবা অভিাবক বা বাহকের মাধ্যমে কলেজে জমা প্রদান করতে পারবে।
- * অ্যাসাইনমেন্ট জমা দানের সময় শিক্ষার্থীদের অবশ্যই **ইউনিফর্ম** ও **মাস্ক** পরিধান সহ স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।
- * কোন শিক্ষার্থী বা তার অভিাবক এর পক্ষে যদি একান্তই কলেজে আসা সম্ভবপর না হয় তবে তার প্রস্তুতকৃত অ্যাসাইনমেন্ট **সুন্দরবন** কুরিয়ার সার্ভিসের মাধ্যমে কলেজে পাঠাতে পারবে। এক্ষেত্রে নির্ধারিত সময়ে পৌছানোর স্বার্থে শিক্ষার্থীকে তা **দুই দিন** আগে কুরিয়ার করতে হবে এবং প্রেরিত অ্যাসাইনমেন্ট যেন কলেজের ঠিকানায় '**হোম ডেলিভারি**' হয় তা নিশ্চিত করতে হবে। তবে কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পাঠানো অ্যাসাইনমেন্ট কলেজে না পৌঁছালে তার দায় সংশ্লিষ্ট শিক্ষার্থীকে বহন করতে হবে। উল্লেখ্য যে, কুরিয়ার এর রশিদ এবং প্রেরিত অ্যাসাইনমেন্টের ফটোকপি সংশ্লিষ্ট শিক্ষার্থীর নিজের কাছে সংরক্ষণ করে রাখতে হবে।

অ্যাসাইনমেন্ট লেখার নিয়মাবলী

১. অ্যাসাইনমেন্ট লেখার সময় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ছকের নির্দেশনা ও সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষকের পরামর্শ মেনে চলতে হবে।
২. সাদা কাগজে (সাদা দিস্তা কাগজ অথবা অফসেট পেপার, A4 সাইজ) মার্জিন করে **স্বহস্তে** লিখতে হবে।
৩. এক পাতার উভয় পৃষ্ঠায় লেখা যাবে। তবে এক পৃষ্ঠায় লেখাই উত্তম।
৪. অ্যাসাইনমেন্ট লেখার সময় লাল এবং সবুজ কালি ব্যবহার করা যাবে না।
৫. অ্যাসাইনমেন্টের প্রথম পাতা/কভার পেজ সরবরাহকৃত নমুনা অনুযায়ী হবে। সরবরাহকৃত নমুনা প্রিন্ট করে তা কভার পেজ হিসেবে ব্যবহার করা যাবে অথবা নমুনা অনুসরণ করে তা সম্পূর্ণ হাতে লেখা যাবে। কভার পেজের অন্য পাশে কিছু লেখা যাবে না।
৬. অ্যাসাইনমেন্টের দ্বিতীয় পাতায় কি অ্যাসাইনমেন্ট দেয়া হয়েছে তা লিখতে হবে, এর পরে উত্তর বা সমাধান (একাধিক প্রশ্ন থাকলে ক্রমানুসারে) লিখতে হবে।
৭. অ্যাসাইনমেন্টে অব্যক্তি বা আপত্তিকর কিছু লেখলে তা শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে এবং নিয়মনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।


অধ্যক্ষ
২৩/০৬/২১


মোঃ তারিকুল ইসলাম
আস্থায়ক

ঢাকা উদ্যান সরকারি মহাবিদ্যালয়
আই ডি নং-৩২১৩
অধ্যক্ষ
ঢাকা উদ্যান সরকারি মহাবিদ্যালয়
মোহাম্মদপুর, ঢাকা।

২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট বাস্তবায়ন কমিটি